

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলাযুবউন্নয়নকর্মকর্তারকার্যালয়
আশাশুনি,সাতক্ষীরা।
E-mail-assasuni@dud.gov.bd

স্মারক নং- ৩৪.০১.৮৭০৪.০০০.৪৮.৩৩.১৩- ২০৪-২

তারিখ : ১৪/১১/২০২১খিঃ।

আশাশুনি উপজেলার যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির নভেম্বর/২০২১ মাসের সভার কার্য বিবরণী।

সভাপতি : মোছাঃ মোসলেমা খাতুন মিলি
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ ,আশাশুনি,সাতক্ষীরা।

সভারতারিখ : ১৪/১১/২০২১ খিঃ

সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা ও হাজিরা পৃথক পাতায় সংরক্ষিত।

সভার শুরুতে সভাপতি মহোদয়ের সকলের সহিদ কুশল বিনিময় করেন। অতপর আশাশুনি উপজেলার যুব কার্যক্রম সংক্রান্ত সমস্যা এবং বেকারত্ব দূরীকরণে কি ধরনের পদক্ষেপ গ্রহন করা যেতে পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করার জন্য সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব নিম্নরূপভাবে যুব কার্যক্রমের বিশদ আলোচনা করেন।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	প্রশিক্ষণ প্রদান (গাভী পালন)	১৪/১১/২০২১ হতে ২০/১১/২০২১ তাং পর্যন্ত গাভী পালন নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা গাভীর রোগ নির্ণয় ও প্রতিরোধ নিয়ে আলোচনা করেন।	এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০২।	যুব ঋন প্রদান	০১ লা নভেম্বর জাতীয় যুব দিবস উপলক্ষে আত্রকর্মা যুবদের মাঝে ১১,৮০,০০০/- (এগারো লক্ষ আশি হাজার) টাকার ঋন প্রদান করা হয়।	এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৩।	সার্টিফিকেট মামলা	খেলাপী টাকা উত্তোলনের জন্য এ দপ্তরের মাধ্যমে ৭টি সার্টিফিকেট মামলা বুজু আছে যার কোন অগ্রগতি নেই। খেলাপী ঋণ আদায় উর্দ্ধতন কর্তৃপক্ষের চাপ অব্যাহত আছে।	এ বিষয়ে সার্টিফিকেট আদালতে যোগাযোগ করে নিষ্পত্তি করা যেতে পারে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৪।	প্রশিক্ষণ সনদ প্রদান	প্রশিক্ষিত যুব ও যুব নারীদের মাঝে ০৭ দিনের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের সনদপত্র প্রদান করা হয়।	এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৫।	ঋণ আদায়	দায়িত্বরত সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ঋণ আদায়ে সকল ঋণীদের তাগিদ প্রদানে অব্যাহত রাখেন।	বিষয়টি মাসিক সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত করা হতে পারে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সকল ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোছাঃ মোসলেমা খাতুন মিলি)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আশাশুনি
ও
সভাপতি
উপজেলা যুব উন্নয়ন সংক্রান্ত
স্থায়ী কমিটি।
আশাশুনি, সাতক্ষীরা।

স্মারকনং- ৩৪.০১.৮৭০৪.০০০.৪৮.৩৩.১৩-

তারিখ : ১৪/১১/২০২১খিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।
- ৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতক্ষীরা।
- ৪। অফিস কপি।



(এস, এম আজিজুল হক)
উপজেলা যুব উন্নয়ন অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা যুব উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
আশাশুনি, সাতক্ষীরা।